# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪০৩২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬১৪]

২৪। ফারায়িয (উত্তরাধিকার বণ্টনের বিধান) (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، وَأَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ وَإِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ ـ وَاللَّفْظُ لِيَحْيَى ـ قَالَ يَحْيَى أَخْبَرَنَا وَقَالَ الآخَرَانِ، حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عَلِيِّ بْنِ، حُسَيْنٍ عَنْ عَمْرِو بْنِ عُثْمَانَ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " لاَ يَرِثُ الْمُسْلِمُ الْكَافِرَ وَلاَ يَرِثُ الْكَافِرُ الْمُسْلِمَ " .

বাংলা

৪০৩২-(১/১৬১৪) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া আবূ বকর ইবনু আবূ শাইবাহ ও ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) ..... উসামাহ্ ইবনু যায়দ (রাযিঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুসলিম ব্যক্তি কাফিরের ওয়ারিস হবে না এবং কাফিরও কোন মুসলিমের ওয়ারিস হবে না। (ইসলামিক ফাউন্ডেশন ৩৯৯৫, ইসলামিক সেন্টার ৩৯৯৪)

## English

Usama b. Zaid reported Allah's Messenger (ﷺ) as saying:
A Muslim is not entitled to inherit from a non-Muslim, and a non-Muslim is not entitled to inherit from a Muslim.

হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, কোন মুসলিম ব্যক্তির উত্তরাধিকারী কোন অমুসলিম ব্যক্তি হতে পারবে না। আর কোন অমুসলিম ব্যক্তিও কোন মুসলিম ব্যক্তির উত্তরাধিকারী হতে পারবে না। তাতে কোন অমুসলিম ব্যক্তি উত্তরাধিকারের সম্পদ বন্টনের পূর্বে ইসলাম গ্রহণ করুক বা না করুক। আর এটাই হলো মুসলিম ওলামাদের অধিকাংশের মত। আর এটাই হলো সঠিক বিষয়। অনুরূপ মুর্তাদেরও বিধান। অর্থাৎ কোন মুর্তাদ

মুসলিমের উত্তরাধিকারী হতে পারবে না, আর কোন মুসলিমও মুর্তাদের উত্তরাধিকারী হতে পারবে না।

২। আবার কতকগুলি আলেমের মতে মুসলিম ব্যক্তি কাফেরের উত্তরাধীকারী হতে পারবে, আর এর বিপরীত হতে পারবে না। অর্থাৎ কোন অমুসলিম ব্যক্তি মুসলিম ব্যক্তির উত্তরাধীকারী হতে পারবে না। তবে যদি সেই অমুসলিম ব্যক্তিটি উত্তরাধীকার বন্টনের পূর্বে ইসলাম গ্রহণ করে, তবে সে উত্তরাধীকারী হয়ে যাবে বা হতে পারবে ।

৩। প্রকৃত ইসলাম ধর্মের একটি সুন্দর দিক ও বৈশিষ্ট্য হলো এই যে, এই ধর্ম উত্তরাধিকার এবং উত্তরাধিকারীর বিধান সঠিক পন্থায় স্পষ্টভাবে বর্ণনা করে দিয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=51115

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন